

শিক্ষা

মৌলভীবাজার সরকারী উচ্চ বিদ্যালয়ের সমস্যা

১৮৮১ সালে মৌলভীবাজার সরকারী উচ্চ বিদ্যালয়টি স্থাপিত হয়। জেলার মধ্যে যে কয়টি ভাল স্কুল আছে, এর মধ্যে মৌলভীবাজার সরকারী উচ্চ বিদ্যালয়টি অন্যতম। প্রতি বছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল মোটামুটি সন্তোষজনক হয়। প্রতি বছরই ১২/১৪ জন ছাত্র বা তারও বেশী প্রথম বিভাগে স্নান হয়ে

থাকে। বর্তমানে বিদ্যালয়ে ৮শ' ছাত্র অধ্যয়ন করছে। তবে প্রয়োজনীয় শ্রেণী কক্ষ না থাকায় স্থান সংকুলান হয় না। ফলে ছাত্রদের বিভিন্ন দুর্ভোগের মধ্য দিয়ে ক্লাস করতে হয়। শ্রেণী কক্ষে বৈদ্যুতিক পাখা না থাকায় গরমের দিনে ছাত্রদের কষ্টের সীমা থাকে না। বিদ্যালয়ের কিছু কিছু দরজা-জানালা ভাঙ্গা। ছাত্রদের কোন মিলনায়তন নেই। বিজ্ঞানাগারে যন্ত্রপাতি অপ্রতুল। পাঠাগারেও পর্যাপ্ত বই নেই। এছাড়া রয়েছে বিশুদ্ধ খাবার

পানির তীব্র সংকট। অপর দিকে বিদ্যালয়ে ১ জন সহকারী প্রধান শিক্ষক, ১ জন শিক্ষক ও ১ জন অফিস সহকারীর পদ দীর্ঘদিন যাবত খালি পড়ে আছে। বর্তমানে একজন শিক্ষক সহকারী প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করছেন। অন্যদিকে শিক্ষা বিভাগের আওতাভুক্ত ফ্যাসিলিটিজ ডিপার্টমেন্ট কর্তৃক স্কুলের অফিস ভবনটি ব্যবহার অনুপযোগী ঘোষিত হওয়া সত্ত্বেও বর্তমানে ঝুঁকি নিয়ে অফিসের কাজ

চলছে। উল্লেখ্য, ব্যবহার অনুপযোগী এই অফিস ভবনের একটি কক্ষে ছাত্রদের ক্লাস করতে হয়। যে কোন মুহূর্তে এই ভবনের ছাদ ধসে যেতে পারে। বলা বাহুল্য, ফ্যাসিলিটিজ ডিপার্টমেন্ট বিদ্যালয় চত্বরে প্রায় ২ বছর পূর্বে একটি ভবন নির্মাণের কাজ শুরু করেছিলো। কিন্তু অজ্ঞাত কারণে মাঝপথে এই ভবনের নির্মাণ কাজ বন্ধ হয়ে পড়ে আছে।
—মোঃ আফজল হোসেন খান